

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূ-সম্পত্তি প্রশাসকের কার্যালয়
নর্দার্ন সার্কেল, বগুড়া সেনানিবাস।
www.meon.gov.bd

২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ।

নং- ২৩.২২.০০০০.০০৩.০২১.০৪.০৩৮৬.২৬-১৩২


তারিখ-----
০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাদিরাবাদ সেনানিবাসের বিভিন্ন ইউনিট/স্থানে অবস্থিত ছোট/বড় বিভিন্ন প্রজাতির ৮৩ (তিরিশ) টি গাছ (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী দরদাতাগণ আগামী ২২-০৬-২০২৬ খ্রি. তারিখে বেলা ১০.০০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকা পর্যন্ত ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়, কাদিরাবাদ সেনানিবাসে রক্ষিত দরপত্র বাস্তবে দরপত্র দাখিল করতে পারবেন। একই তারিখ বেলা ১২.০৫ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। গাছের বিবরণসহ অন্যান্য তথ্য অত্র দপ্তর হতে অফিস চলাকালীন সময় জানা যাবে।

দরপত্রের শর্তাবলী

১. দরপত্রে দরপত্র দাতার নাম, পিতার নাম, পূর্ণ ঠিকানা সহ পূর্ণাঙ্গ স্বাক্ষর করতে হবে।
২. প্রদত্ত দর সুস্পষ্টভাবে অঙ্কে ও কথায় লিখতে হবে। দরপত্রে উল্লেখিত দর কাটাকাটি/ঘষামাজা করা যাবে না।
৩. দরপত্র দাতাকে দরপত্রের সাথে জামানত হিসেবে প্রদত্ত দরের ২৫% এর সমপরিমাণ নগদ অর্থ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, নর্দার্ন সার্কেল, বগুড়া সেনানিবাস এর অনুকূলে জমা করতে হবে। প্রথম ও দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা ব্যতিত অন্যান্য দরদাতাকে দাখিলকৃত নগদ অর্থ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেওয়া হবে।
৪. দরপত্রে নগদ অর্থ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও ব্যাংকের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৫. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র অনুমোদন হওয়ার পর সর্বোচ্চ দরদাতাকে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক দরপত্রে উল্লেখিত অর্থের অবশিষ্ট অর্থ (জামানত সমন্বয় পূর্বক) ৫% উৎসে আয়কর এবং ১৫% ভ্যাট সহ ব্যাংক ড্রাফট/নগদে অত্র দপ্তরে জমা দিয়ে গাছ কর্তন/অপসারণের অনুমতি গ্রহণ করতে হবে।
৬. প্রাপ্ত সর্বোচ্চ বৈধ দর সরকারি মূল্য মোতাবেক বিবেচিত না হলে কর্তৃপক্ষ উক্ত দর বহাল রেখে পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করতে পারবে।
৭. গাছ পরিদর্শনের জন্য ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়, কাদিরাবাদ সেনানিবাসে অফিস চলাকালীন সময়ে সকাল ১০.০০ ঘটিকায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
৮. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ/বাতিলসহ ডাক সংক্রান্ত সার্বিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোছাঃ আলিয়া ফেরদৌস জাহান)

উপসচিব

সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক
নর্দার্ন সার্কেল, বগুড়া সেনানিবাস।

ফোন: ০২৫৮৯১১৩০৬৬ (অঃ)

Email- meobogura@gmail.com